# MCQ গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স MCQ

## Answers with Explanation

1. (a) সম্প্রতি কর্ণাটক বিধানসভা কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী বি এস ইয়েদুরাপ্পার নামে শিবামোগ্গা এয়ারপোর্টের নামকরণ করা হল। তিনি ২০১৯-২০২১ পর্যন্ত কর্ণাটকের মুখ্যমন্ত্রী ছিলেন। *অ্যাচিভার্স*

2. (a) ভারতের রাষ্ট্রায়ত্ত বেসরকারি আইসিআইসিআই ব্যাঙ্ক ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পোদ্যোগীদের জন্য 'India's 1st Open-for-all' নামক ডিজিটাল ইকোসিস্টেম চালু করেছে।

3. (c) রাজস্থান ভারতের প্রথম রাজ্য হিসাবে গ্রাহকদের নিরবচ্ছিন্ন ইন্টারনেট পরিষেবা প্রদানের জন্য 'L-Route Server' চালু করেছে এবং 'ভামাশা স্টেট ডেটা সেন্টার' গড়ে তুলেছে।

4. (c) কেন্দ্রীয় সরকারের নিয়োগ সংক্রান্ত কমিটি কর্তৃক কেন্দ্রীয় সরকারের প্রধান বৈজ্ঞানিক উপদেষ্টা হিসাবে অজয় কুমার সুদ এই পদে পূর্ববর্তী পদাধিকারী কে বিজয় রাঘবনের স্থলাভিষিক্ত হলেন।

5. (c) ২২ এপ্রিল সারা বিশ্বজুড়ে পালিত হওয়া 'International Mother Earth Day'-এর এবছরের থিম হল— 'Invest in Our Planet'. *অ্যাচিভার্স*

6. (c) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নবম শিখগুরু তেগ বাহাদুরের ৪০০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে ইন্ডিয়া পোস্ট কর্তৃক চালু করা স্মারক ডাকটিকিটের আনুষ্ঠানিক প্রকাশ করলেন। তিনি 'হিন্দ দি চাদার' নামে অধিক পরিচিত।

7. (a) সিডবি মহারাষ্ট্র সরকারের অধীনস্থ SCDF (SIDBI Cluster Development Fund)-এ মোট ৬০০ কোটি টাকা প্রদান করেছে।

8. (b) ১ মে নীতি আয়োগের ভাইস চেয়ারম্যান হিসাবে সুমন কে বেরি পূর্ববর্তী পদাধিকারী রাজীব কুমারের স্থলাভিষিক্ত হলেন।

9. (a) তিনি কেনিয়ার বিশিষ্ট রাজনীতিবিদ ছিলেন। ২০০৩-২০১৩ সাল পর্যন্ত সেদেশের প্রেসিডেন্ট হিসাবে দায়িত্ব পালন করেছেন। *অ্যাচিভার্স*

10. (d) মহারাষ্ট্র সরকারের পর্যটন বিভাগ মুম্বাই শহরে 'Tap in and Tap Out' বৈশিষ্ট্যযুক্ত ভারতের প্রথম ডিজিটাল বাস পরিষেবা চালু করেছে।

11. (b) ২৪ এপ্রিল ফ্রান্সের রাষ্ট্রপতি নির্বাচনে দ্বিতীয়বারের জন্য পুনর্নির্বাচিত হলেন এমানুয়েল ম্যাকরন। ২০১৭ সালের ১৪ মে তিনি ফ্রান্সের রাষ্ট্রপতি হিসাবে প্রথমবার দায়িত্ব গ্রহণ করেছিলেন। এছাড়াও ২০১৪-২০১৬ সাল পর্যন্ত সেদেশের অর্থ, শিল্প ও ডিজিটাল অ্যাফেয়ার্স মন্ত্রী হিসাবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন।

12. (c) ১৮-২৪ এপ্রিল সার্বিয়ায় অনুষ্ঠিত ২০২২ সালের সার্বিয়া ওপেন টেনিস টুর্নামেন্টে পুরুষদের সিঙ্গলসে রাশিয়ার অ্যান্ড্রি রাবলেভ সার্বিয়ার নোভাক জকোভিচকে পরাজিত করে চ্যাম্পিয়ন হলেন। *অ্যাচিভার্স*

13. (a) বীনাপানি মোহান্তি ওড়িশার একজন বিশিষ্ট ওড়িয়া লেখক ও শিক্ষাবিদ ছিলেন। সাহিত্য ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য তিনি ১৯৯০ সালে সাহিত্য অ্যাকাডেমি এবং ২০২০ সালে পদ্মশ্রী সম্মানে ভূষিত হয়েছিলেন। তাঁর সর্বাধিক জনপ্রিয় গ্রন্থ হল 'পাতাদেই', 'কস্তুরি মৃগ', 'কুন্তি, কুন্তলা, শকুন্তলা' 'অন্য অরণ্য' প্রভৃতি।

14. (d) ম্যালেরিয়া রোগ দমন করার জনসচেতনতা গড়ে তুলতে ২৫ এপ্রিল সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড ম্যালেরিয়া ডে উদযাপিত হল। এবারের এই দিবসের থিম হল--- 'Harness Innovation to Reduce the Malaria Disease Burden and Save Lives'.

15. (c) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৪ এপ্রিল জাতীয় পঞ্চায়েতিরাজ দিবস উপলক্ষে জম্মু ও কাশ্মীরের পাল্লি গ্রাম পঞ্চায়েত এলাকায় ৫০০ কিলোওয়াট সৌরবিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের আনুষ্ঠানিক উদ্বোধন করলেন, যে গ্রাম পঞ্চায়েতটি ভারতের প্রথম কার্বন নিউট্রাল পঞ্চায়েত। *অ্যাচিভার্স*

16. (c) ২৪ এপ্রিল স্লোভানিয়ার পার্লামেন্টারি নির্বাচনে জয়লাভ করে প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন রবার্ট গোলোব। তিনি বর্তমানে ফ্রিডম মুভমেন্ট পার্টির দলনেতা হিসাবে নিযুক্ত আছেন।

17. (a) প্রশ্নোদ্ধৃত গ্রন্থটির রচয়িতা হলেন বিশিষ্ট ফরাসি সাংবাদিক রজার ফালিগট।

18. (d) তিনি মেঘালয়ের বিশিষ্ট রাজনীতিবিদ ছিলেন যিনি ২০০৬-০৭ সাল পর্যন্ত মেঘালয়ের মুখ্যমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেছেন।

19. (c) সম্প্রতি জেনারেলি এশিয়া কর্তৃক ফিউচার জেনারেলি লাইফ ইন্সিয়োরেন্সের এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হলেন ব্রুশ ডি ব্রোজ। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী মিরনজিৎ মুখার্জির স্থলাভিষিক্ত হলেন। *অ্যাচিভার্স*

20. (d) বিবিধ নৃত্যশৈলী সম্পর্কে জনমানসে এক স্পষ্ট ধারণা দেওয়ার জন্য ২৯ এপ্রিল সারা বিশ্বজুড়ে 'ইন্টারন্যাশনাল ড্যান্স ডে' উদযাপিত হল।

21. (b) কেন্দ্রীয় সরকারের থিঙ্কট্যাঙ্ক নীতি আয়োগ সম্প্রতি ইলেকট্রিক ভেহিকেলের জন্য ড্রাফট ব্যাটারি সোয়াপিং পলিসি চালু করেছে। ইলেকট্রিক ভেহিকেলের মধ্যে অন্তর্ভুক্ত যানবাহন হল- ইলেকট্রিক স্কুটার, তিন চাকাবিশিষ্ট ইলেকট্রিক রিকশা।

22. (c) 'ন্যাশনাল মিশন ফর ক্লিন গঙ্গা' সম্প্রতি Tree Craze Foundation -এর যৌথ সহযোগিতায় 'Ganga Quest-2022' নামক এক ক্যুইজ প্রতিযোগিতা আয়োজিত হয়েছে। এই প্রতিযোগিতাটি আজাদি কা অমৃত মহোৎসবেরও অংশ বিশেষ। অ্যাচিভার্স

23. (c) ড্রাগ কন্ট্রোলার জেনারেল অফ ইন্ডিয়া'র এক্সপার্ট প্যানেল ভারতে ৫-১২ বছর বয়সি শিশুদের জরুরি ক্ষেত্রে ব্যবহারের জন্য কোরবিভ্যাক্স ভ্যাকসিনটিকে প্রথম ছাড়পত্র দিয়েছে। এই ভ্যাকসিনটি হায়দরাবাদের 'বায়োলজিক্যাল-ই' নামক ড্রাগ হাউস তৈরি করেছে।

24. (c) মালদ্বীপে ভারতীয় সেনার উপস্থিতির অনুমতির জন্য মালদ্বীপের প্রাক্তন রাষ্ট্রপতি ইয়ামিনের নেতৃত্বে এক প্রচারাভিযান কর্মসূচী নেওয়া হয়। তাতে মালদ্বীপের বর্তমান প্রেসিডেন্ট ইব্রাহিম মহম্মদ সোলিহো এই অনুমতি না দেওয়ার জন্য 'India Out' নামক এক প্রচারাভিযান কর্মসূচী চালু করেছে। অ্যাচিভার্স

25. (a) সদ্য অনুষ্ঠিত 'রাইসিনা ডায়লগ' হল ভারতের প্রধান বিদেশ নীতি এবং ভু-অর্থনীতি বিষয়ক সম্মেলন। এই সম্মেলনের থিম ছিল– 'Terranova : Impassioned, Impatient and Imperilled'।

26. (c) কেন্দ্রীয় শক্তিমন্ত্রকের অধীনস্থ রুরাল ইলেকট্রিফিকেশন কর্পোরেশন লিমিটেডের (REC Ltd.) সিএমডি হিসাবে নিযুক্ত হলেন বিবেককুমার দেবাঞ্জন। তিনি পূর্বে শক্তিমন্ত্রকের সহকারি সচিব ছিলেন।

27. (c) ১৯৪৫ সালে সোভিয়েত ইউনিয়ন কুরিল দ্বীপপুঞ্জের উপর আধিপত্য বিস্তার করলে জাপান তীব্র আপত্তি জানায়। সম্প্রতি জাপানের বিদেশমন্ত্রক কর্তৃক প্রকাশিত 'Diplomatic Blue Book- 2022'-এ এই দ্বীপপুঞ্জকে জাপানের বলে দাবি করা হয়েছে। অ্যাচিভার্স

28. (c) ২৬ এপ্রিল সারা বিশ্বজুড়ে পালিত হওয়া ওয়ার্ল্ড ইন্টেলেকচুয়াল প্রপার্টি ডে'র এবছরের থিম হল– IP and Youth : Innovating for a Better Future'।

29. (a) সম্প্রতি উত্তরপ্রদেশের আগ্রা শহর প্রশাসন ভারতের প্রথম শহর হিসাবে Vacuum based Sewer System চালু করেছে। এই Vacuum গুলি শহরের প্রত্যেকটি জনবহুল অঞ্চলে প্রতিস্থাপন করা হয়েছে। অ্যাচিভার্স

30. (d) হিমাচলপ্রদেশ সরকার কাংড়া, কুল্লু, ছাম্বা, সিরমোর এবং বিলাসপুর প্রভৃতি জেলায় মোট ৭টি রোপওয়ে প্রোজেক্ট বাস্তবায়নের জন্য রোপওয়েজের সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে।

31. (c) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ১৮-২০ এপ্রিল গুজরাট সফরে ভারতের প্রথম ডেয়ারি কমিউনিটি রেডিও স্টেশনের আনুষ্ঠানিক উদ্বোধন করলেন। দুধ বাণী নামক রেডিও প্রোগ্রামটি ৯০.৪ এফএম চ্যানেলে সম্প্রচারিত হবে।

32. (d) সম্প্রতি কেন্দ্রীয় অর্থমন্ত্রকের প্রকাশিত রিপোর্ট অনুযায়ী মার্চ, ২০২২ অনুযায়ী কেন্দ্রীয় সরকারের অটল পেনশন যোজনায় মোট ৪.০১ কোটি গ্রাহক অন্তর্ভুক্ত হয়েছেন। প্রসঙ্গত, ২০২১-২২ অর্থবর্ষে ৯৯ লক্ষের বেশি গ্রাহক এই স্কিমের আওতায় এসেছেন। অ্যাচিভার্স

33. (d) ২২ এপ্রিল ওয়ার্ল্ড স্টিল অ্যাসোসিয়েশনের প্রকাশিত রিপোর্ট অনুযায়ী ভারতে জানুয়ারি থেকে মার্চ মাসে মোট ৩১.৯ মিলিয়ন টন ইস্পাত উৎপাদিত হয়েছে, যা পূর্বের তুলনায় ৫.৯% বৃদ্ধি পেয়েছে।

34. (a) ঝাড়খণ্ডের জামতারা জেলার অধীনে ৬টি ব্লকে মোট ১১৮টি গ্রাম পঞ্চায়েতে একটি করে গ্রন্থাগার স্থাপিত হয়েছে। দেশের মধ্যে প্রথম জেলা হিসাবে এই কৃতিত্ব অর্জন করেছে জামতারা জেলা প্রশাসন। অ্যাচিভার্স

35. (c) ভারতের বহুজাতিক সংস্থা লার্সেন অ্যান্ড টুব্রো 'গ্রিন হাইড্রোজেন টেকনোলজি'কে উন্নত করার জন্য বোম্বাই আইআইটি'র সঙ্গে যৌথ চুক্তি স্বাক্ষর করেছে।

36. (a) সদ্য প্রয়াত এম বিজয়ন মলিকিউলার বায়োফিজিস্ট বিজ্ঞান ও ইঞ্জিনিয়ারিং ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য ২০০৪ সালে পদ্মশ্রী সম্মানে ভূষিত হয়েছেন। তিনি বেঙ্গালুরু আইআইএসসি'র অধ্যাপক হিসাবে দীর্ঘদিন কর্মরত ছিলেন।

37. (b) সারা বিশ্বজুড়ে টিকাকরণ সংক্রান্ত বিষয়ে জনসচেতনতা গড়ে তোলার উদ্দেশ্যে ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন কর্তৃক এপ্রিল মাসের শেষ সপ্তাহ (২৪-৩০ এপ্রিল) ওয়ার্ল্ড ইমিউনাইজেশন উইক উদযাপিত হয়। এবারের এই উইকের থিম হল– 'Long Life for All'। অ্যাচিভার্স

38. (a) কেন্দ্রশাসিত অঞ্চল জম্মু-কাশ্মীরের সাম্বা জেলা প্রশাসন ১০০ শতাংশ পরিবারকে কেন্দ্রীয় সরকারের চালু করা আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জনআরোগ্য যোজনা-শেহত স্কিমের আওতায় নিয়ে এসেছে। এই স্কিমের মূল উদ্দেশ্য হল পরিবারের প্রত্যেক সদস্যকে বিনামূল্যে স্বাস্থ্য বিমা পরিষেবা প্রদান করা।

39. (d) সাম্প্রতিককালে গড়ে ওঠা ফিনটেক স্টার্টআপ কোম্পানি Pencilton, ন্যাশনাল পেমেন্টস কর্পোরেশন অফ ইন্ডিয়া এবং Transcorp PPI-এর যৌথ সহযোগিতায় গ্রাহকদের জন্য কন্টাক্টলেস রুপে কার্ড চালু করল।

40. (c) ভারতের প্রাক্তন সামাজিক ন্যায়-বিচার ও ক্ষমতায়ন মন্ত্রী বিজয় সাম্পালা ন্যাশনাল কমিশন ফর সিডিউলড কাস্টের চেয়ারপার্সন হিসাবে দ্বিতীয়বারের জন্য পুনর্নিযুক্ত হলেন। তিনি ২০২১ সালে ফেব্রুয়ারি মাসে প্রথমবার এই পদে নিযুক্ত হয়েছিলেন। অ্যাচিভার্স

41. (d) প্রশ্নোদ্ধৃত গ্রন্থটির রচয়িতা হলেন ভারতের প্রাক্তন তথা ১১তম ক্যাগ বিনোদ রাই। তিনি ২০০৮-২০১৩ পর্যন্ত ভারতের ১১তম ক্যাগ হিসাবে দায়িত্ব পালন করেছেন। কর্মক্ষেত্রে অসামান্য অবদানের জন্য ২০১৬ সালে পদ্মভূষণ সম্মানে ভূষিত হয়েছেন।

42. (b) কেন্দ্রীয় সরকার স্ট্রিট ভেন্ডারদের জামানত মুক্ত সাশ্রয়ী মূল্যের ঋণ প্রদান করার জন্য PM SVANidhi স্কিম চালু করেছে। এই স্কিমের আওতায় সাম্প্রতিককালের তথ্য (১৩.৫.২০২২)

অনুযায়ী মোট ২ লক্ষ ৬০ হাজার ৬৭৩ জনের নাম যোগ্য বলে বিবেচিত হয়েছে, যার মধ্যে ২ লক্ষ ১৭ হাজার ১২০ জনের অ্যাকাউন্টে ঋণের টাকা প্রদান করা হয়েছে।

43. (b) সম্প্রতি ক্যাবিনেট কমিটি অন ইকনমিক অ্যাফেয়ার্স, জম্মু ও কাশ্মীরের কিস্তার জেলায় চেনাব নদীর উপর ৫৪০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনে সক্ষম কোয়ার জলবিদ্যুৎ প্রকল্পটি বাস্তবায়নের অনুমোদন প্রদান করেছে। এর জন্য আনুমানিক খরচ ধরা হয়েছে ৪৫২৬.১২ কোটি টাকা। অ্যাচিভার্স

44. (b) রেলওয়ে ব্যবস্থায় যাত্রী স্বাচ্ছন্দ্য ও যাত্রী পরিবহণের গুণমান বৃদ্ধির জন্য টেলি যোগাযোগ ব্যবস্থাকে আরো অত্যাধুনিক করে গড়ে তুলতে কেন্দ্রীয় রেলওয়ে মন্ত্রক সেন্টার ফর ডেভেলপমেন্ট অফ টেলিম্যাটিক্স (C-DOT) এর সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে।

45. (b) মহারাষ্ট্র সরকার সেরাজ্যের সমস্ত জীববৈচিত্র্য অঞ্চলের সুরক্ষা ও সংরক্ষণের জন্য গঠনমূলক উন্নয়নের উদ্দেশ্যে ভারতের প্রথম Gene Bank Programme চালু করেছে। এই প্রোগ্রামের জন্য মহারাষ্ট্র মন্ত্রী পরিষদ ১৭২.৩৯ কোটি টাকা বরাদ্দ করেছে। অ্যাচিভার্স

46. (c) পরিমাপন বিদ্যা, বিজ্ঞানভিত্তিক পরিমাপ সম্পর্কে জনসচেতনতা গড়ে তুলতে সারা বিশ্বজুড়ে ২০ মে 'World Metrology Day' উদযাপিত হয়।

47. (d) ভারতের বিশিষ্ট স্বাধীনতা সংগ্রামী, সমাজসেবী, বিশ্বমানবতাবাদী এবং লোকমত গ্রুপ অফ নিউজ পেপারের প্রতিষ্ঠাতা জওহরলাল দারদা (বাবুজি)-এর ১০০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে ১০০ টাকা মূল্যের স্মারক মুদ্রা প্রকাশিত হতে চলেছে। এই মুদ্রাটির মোট ওজন ৩৫ গ্রাম, যার মধ্যে রুপো ৫০%, তামা ৪০% এবং নিকেল ৫% জিঙ্ক ৫%।

48. (b) সময়ের অপচয় না করে গ্রাহক সাধারণকে সহজে ঋণ প্রদান করার জন্য সম্প্রতি ইন্ডিয়ান ব্যাঙ্ক প্রি-অ্যাপ্রুভড পার্সোনাল লোন নামক এক ডিজিটাল প্রোডাক্ট চালু করেছে।

49. (c) বিশিষ্ট বন্যপ্রাণী সংরক্ষণবাদী ও মেঘলা চিতা বিশেষজ্ঞ চারুদত্ত মিশ্র হোয়াইটলে গোল্ড অ্যাওয়ার্ড- ২০২২ এ ভূষিত হলেন। আফগানিস্তান, চীন, রাশিয়া-সহ ১২টি মেঘলা চিতা অধ্যুষিত দেশে অসামান্য কাজের জন্য তাঁকে এই পুরস্কারে ভূষিত করা হল। অ্যাচিভার্স

50. (b) সম্প্রতি ক্যাবিনেট কমিটি অন ইকনমিক অ্যাফেয়ার্স পবন হংস লিমিটেডের ৫১ শতাংশ শেয়ার ক্রয় করার জন্য Star9 Mobility Private Ltd. কে অনুমোদন প্রদান করেছে। প্রসঙ্গত উল্লেখ্য পবন হংস লিমিটেডে কেন্দ্রীয় সরকারের ৫১ শতাংশ এবং ওএনজিসি'র ৪৯ শতাংশ শেয়ার ছিল। Star9 Mobility Private Ltd. কেন্দ্রীয় সরকারের শেয়ার কিনেছে। অ্যাচিভার্স

51. (d) পশুদের স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে ৩০ এপ্রিল সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড ভেটেরিনারি ডে উদযাপিত হল। এবছরের এই দিবসের থিম হল– 'Strengthening Veterinary Resilience'।

52. (d) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি এন ভি রামানের নেতৃত্বে ভারতের বিভিন্ন হাইকোর্টের প্রধান বিচারপতিদের নিয়ে হাইকোর্ট চিফ জাস্টিস কনফারেন্স-২০২২ অনুষ্ঠিত হয়ে গেল। এই কনফারেন্স ১৯৫৩ সালের নভেম্বরে প্রথম অনুষ্ঠিত হয়েছিল। এর পূর্বে পর্যন্ত মোট ৩৮টি কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। অ্যাচিভার্স

53. (b) ইন্ডিগো, এশিয়ার প্রথম এয়ারলাইন্স কোম্পানি হিসাবে অবতরণের সময় দুর্ঘটনা এড়াতে 'গগন স্যাটেলাইট' ভিত্তিক নেভিগেশন সিস্টেম ব্যবহার করা শুরু করেছে।

54. (d) সম্প্রতি কেন্দ্রীয় শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রক কর্তৃক প্রকাশিত 3rd Quarterly Employment Survay Report অনুযায়ী অক্টোবর থেকে ডিসেম্বর, ২০২১-এ ৯টি বিবিধ সেক্টরে ৪ লক্ষেরও বেশি কর্মসংস্থান তৈরি হয়েছে।

55. (b) কেন্দ্রীয় বন্দর জাহাজ ও জলপথ মন্ত্রক কেরলের কোচিনে অবস্থিত কোচিন শিপইয়ার্ড লিমিটেডকে দেশীয় প্রযুক্তিতে হাইড্রোজেন জ্বালানি নির্ভর ইলেকট্রিক ভেসেল তৈরি করার ছাড়পত্র প্রদান করেছে। এক একটি ভেসেল তৈরিতে খরচ হয়েছে ১৭.৫০ কোটি টাকা।

56. (d) কেন্দ্রীয় সরকার শ্রীলঙ্কার সার্বিক পরিস্থিতি বিচার করে INS Gharial জাহাজের মাধ্যমে ৭৬০ কিলোগ্রাম ওষুধ ও অন্যান্য চিকিৎসা সরঞ্জাম পাঠিয়েছে। অ্যাচিভার্স

57. (b) ৩০ এপ্রিল রাজস্থান সরকার বার্মার জেলার 'মিঁয়া কা বাদা' রেল স্টেশনের নাম পরিবর্তন করে 'মহেশনগর হল্ট' রাখার অনুমোদন প্রদান করেছে।

58. (c) ২৬ এপ্রিল শিবালিক স্মল ফিনান্স ব্যাঙ্কের এমডি এবং সিইও হিসাবে অংশুল স্বামী পূর্ববর্তী পদাধিকারী সুবীর কুমার গুপ্তার স্থলাভিষিক্ত হলেন।

59. (c) ১৮৮৬ সালে চিকাগো শহরে হে মার্কেটে দৈনিক ৮ ঘণ্টা কাজের দাবিতে যে আন্দোলন হয়েছিল তাকে স্মরণীয় করতে ১৮৯০ সালের ১ মে-তে আন্তর্জাতিক শ্রমিক দিবস পালিত হয়েছিল। অ্যাচিভার্স

60. (a) কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনা চালুর দিনটি স্মরণীয় করে রাখতে এবছর থেকে ১ মে উজ্জ্বলা দিবস পালন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৬ সালের ১ মে উত্তরপ্রদেশের বালিয়াতে দারিদ্রসীমার নীচে বসবাসকারী পরিবারকে বিনামূল্যে এলপিজি সংযোগ দেওয়ার জন্য প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনা চালু হয়েছিল।

61. (c) বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার পুর্ণিয়া জেলায় ভারতের প্রথম গ্রিনফিল্ড গ্রেন বেসড ইথানল উৎপাদন কারখানার আনুষ্ঠানিক উদ্বোধন করলেন। এই কারখানাতে প্রতি দিন ৬৫ হাজার লিটার ইথানল উৎপাদন হবে, যার জন্য প্রতি দিন ১৫০ টন ভুট্টা এবং চাল প্রয়োজন। অ্যাচিভার্স

62. (d) ভারতের বেসরকারি বিমা সংস্থা এইচডিএফসি আর্গো জেনারেল ইন্সিয়োরেন্স কোম্পানি গ্রাহকদের প্রিমিয়াম খরচ কমাতে Pay as you Drive নামক একটি প্রোগ্রাম চালু

করেছে। এর আওতায় থাকা কোনো গাড়ির ক্ষতিগ্রস্ত যন্ত্রাংশের বিমা পরিষেবা পাওয়ার জন্য ডিজিটাল মাধ্যমে ভেরিফিকেশন করা হয়। অ্যাচিভার্স

63. (b) আরবিআই-এর কেন্দ্রীয় পরিচালন বোর্ড মানিটারি পলিসি কমিটির এক্স অফিসিও মেম্বার হিসাবে ডক্টর রাজীব রঞ্জনকে নিযুক্ত করার সুপারিশ করল। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী মৃদুল সাগরের স্থলাভিষিক্ত হলেন।

64. (c) ১৬ এপ্রিল - ২ মে ইংল্যন্ডের সেফ ফিল্ডে অনুষ্ঠিত ২০২২ সালের ওয়ার্ল্ড স্নুকার চ্যাম্পিয়নশিপে চ্যাম্পিয়ন হলেন ও' সুল্লিভান। ফাইনালে তিনি ইংল্যান্ডের জুড ট্রাম্পকে ১৮-১৩ ফলাফলে পরাজিত করেছেন। অ্যাচিভার্স

65. (d) বাক স্বাধীনতা রক্ষা ও সংবাদপত্র স্বাধীনতা রক্ষার জনসচেতনতা গড়ে তোলার উদ্দেশ্যে ৩ মে সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ডে প্রেস ফ্রিডম ডে উদযাপিত হল। যার এবছরের থিম হল— 'Journalism Under Digital Siege'।

66. (d) Reporters Sans Frontieres কর্তৃক প্রকাশিত ওয়ার্ল্ড প্রেস ফ্রিডম ইনডেক্স- ২০২২ এর তালিকায় ভারত ১৫০তম স্থানে রয়েছে। এই তালিকায় নরওয়ে প্রথম, ডেনমার্ক দ্বিতীয় ও সুইডেন তৃতীয় স্থানে রয়েছে।

67. (c) মহারাষ্ট্রে কারা বিভাগ সারা রাজ্য জুড়ে জেলে বন্দীদের জন্য ক্রেডিট স্কিম 'Jivhala' চালু করেছে। তিন বছরের বেশি সাজাপ্রাপ্ত জেলবন্দীরা পরিবারের ব্যয়ভার বহণ করার জন্য এই স্কিমের মাধ্যমে ঋণ গ্রহণ করতে পারেন।

68. (d) ২৯ এপ্রিল - ১ মে গুজরাটের সুরাটে সারসানা কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত হয়ে গেল ২০২২ সালের গ্লোবাল পতিদার বিজনেস সামিট। এবারের এই সামিটের থিম ছিল--- 'Aatmanirbhar Community to Aatmanirbhar Gujarat and India'। অ্যাচিভার্স

69. (b) সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রে ফেডারেল রিজার্ভ ব্যাঙ্কের বোর্ড অফ ডিরেক্টর হিসাবে নিযুক্ত হওয়া অরবিন্দ কৃষ্ণা এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে আইবিএম কোম্পানির চিফ এগজিকিউটিভ অফিসার ছিলেন।

70. (c) মার্কিন যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল ইন্টেলিজেন্স এজেন্সির চিফ টেকনোলজি অফিসার হিসাবে নিযুক্ত হলেন ভারতীয় বংশোদ্ভুত নন্দ মুলচন্দানি। প্রসঙ্গত উল্লেখ্য, এই সংস্থার ডিরেক্টর হিসাবে নিযুক্ত উইলিয়াম জে বার্নস।

71. (b) কেন্দ্রীয় সরকারের নিয়োগ সংক্রান্ত কমিটি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপদেষ্টা হিসাবে তরুন কাপুরকে নিযুক্ত করার সুপারিশ করল। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের ভারপ্রাপ্ত সচিব পদ থেকে অবসর গ্রহণ করেছিলেন। অ্যাচিভার্স

72. (a) জনগণ ও সম্পত্তি রক্ষায় ফায়ার ফাইটার কর্মীদের অবদানকে স্মরণীয় রাখতে ৪ মে সারা বিশ্বজুড়ে ইন্টারন্যাশনাল ফায়ার ফাইটার্স ডে পালিত হয়। ১৯৯৯ সালে প্রথম এই দিবসটি পালন করা শুরু হয়েছিল।

73. (d) ওড়িশা সরকার তপশিলী জাতি ও উপজাতি সম্প্রদায়ের মানুষদের স্বাস্থ্য সংক্রান্ত তথ্য সংগ্রহের জন্য ভারতের প্রথম 'ট্রাইবাল হেলথ অবজার্ভেটরি' গড়ে তুলল। অ্যাচিভার্স

74. (c) ভারতের মহাকাশ গবেষণা সংস্থা ইসরো, ২০২৪ সালের ডিসেম্বর নাগাদ শুক্রগ্রহে মহাকাশযান পাঠানোর লক্ষ্যমাত্রা নিয়েছে। এর মূল উদ্দেশ্য হল শুক্রগ্রহে ভূমিতলের প্রকৃতি, বায়ুমণ্ডলের অবস্থান প্রভৃতি বিষয়ে অনুসন্ধান চালানো।

75. (c) ব্রিটেনের কিংবদন্তী কার রেসিং ড্রাইভার চার্লস অ্যান্থনি স্ট্যানটিস ব্রুকস (টনি ব্রুকস) সমগ্র কর্মজীবনে ৬টি গ্রাঁপি জয়লাভ করেছেন।

76. (c) কেন্দ্রীয় সরকারের চালু করা আয়ুষ্মান ভারত স্বাস্থ্য যোজনার বিষয়ে জনসাধারণকে সচেতন করতে ৩০ এপ্রিল আয়ুষ্মান ভারত দিবস উদযাপিত হয়। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৮ সালে আয়ুষ্মান ভারত প্রোগ্রাম চালু হয়েছিল। এই স্কিমের আওতায় সারা ভারতের প্রতি পরিবারকে বিনামূল্যে স্বাস্থ্য বিমা সংক্রান্ত পরিষেবা প্রদান করা হয়। অ্যাচিভার্স

77. (c) নাসার বিশিষ্ট বিজ্ঞানী সিন্থিয়া রোজেনবেগকে ২০২২ সালের ওয়ার্ল্ড ফুড প্রাইজে ভূষিত করা হল। জলবায়ু পরিবর্তন ও খাদ্য উৎপাদন সংক্রান্ত ক্ষেত্রে গবেষণামূলক কাজকর্মের স্বীকৃতি স্বরূপ তাঁকে এই পুরস্কারে ভূষিত করা হয়েছে।

78. (a) সম্প্রতি ইন্দো-আমেরিকান চেম্বার অফ কমার্সের আলোচনা সভায় প্রদত্ত ষষ্ঠ এন্টারপ্রেনার অ্যান্ড লিডারশিপ অ্যাওয়ার্ড- ২০২২ এর ওমেন ট্রান্সফর্মিং ইন্ডিয়া অ্যাওয়ার্ড বিভাগে পুরস্কৃত হলেন ভারতের বিশিষ্ট মহিলা শিল্পপতি তথা মোদী এন্টারপ্রাইজের চেয়ারপার্সন ডক্টর বীনা মোদী। এদিন তাঁর হাতে পুরস্কার তুলে দেন কেন্দ্রীয় অসামরিক বিমান চলাচল মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া। অ্যাচিভার্স

79. (c) শরীরের গঠন, ফ্যাটের গ্রহণযোগ্যতা প্রভৃতি বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে ৬ মে সারা বিশ্বজুড়ে 'ইন্টারন্যাশনাল নো ডায়েট ডে' উদযাপিত হল। ১৯৯২ সালে প্রথম এই দিনটি উদযাপিত হয়েছিল।

80 (d) সম্প্রতি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক ইকুইটাস স্মল ফিনান্স ব্যাঙ্কের সঙ্গে ইকুইটাস হোল্ডিংস লিমিটেডকে সংযুক্ত করার জন্য নো অবজেকশন সার্টিফিকেট প্রদান করেছে।

**এক নজরে ইকুইটাস স্মল ফিনান্স ব্যাঙ্ক:**

☞ প্রতিষ্ঠাকাল — ২০১৬ সাল।

☞ সদর কার্যালয় — চেন্নাই। অ্যাচিভার্স

☞ বর্তমান এমডি এবং সিইও — পি এন বাসুদেবন।

81. (d) ৪ মে সিটি ইউনিয়ন ব্যাঙ্কের আংশিক সময়ের চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন এম নারায়ণন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী আর মোহনের স্থলাভিষিক্ত হলেন।

82. (c) ক্রীড়া সংক্রান্ত কাজকর্মের উৎসাহ যোগাতে এবং ক্রীড়াক্ষেত্রে শারীরিক ফিটনেসের গুরুত্ব বোঝাতে ৭ মে সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স ডে উদযাপিত হল। ১৯৯৬ সালে প্রথম এই দিনটি পালন করা শুরু হয়েছিল।

83. (c) ৮ মে অনুষ্ঠিত মিয়ামি গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন নেদারল্যান্ডের রেডবুল ড্রাইভার ম্যাক্স ভারস্টাপেন। এই প্রতিযোগিতায় দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করেছেন যথাক্রমে মোনাকোর চার্লস লেকরেক এবং স্পেনের কার্লোস সাঞ্জ জুনিয়র।

84. (d) সম্প্রতি স্পেনে অনুষ্ঠিত প্রথম চেসয়েবল সানওয়ে ফার্মেনতেরা ওপেন দাবা প্রতিযোগিতা- ২০২২ চ্যাম্পিয়ন হলেন ভারতের গ্র্যান্ড মাস্টার দাবাড়ু ডি গুকেশ।

85. (a) তিনি একজন বিশিষ্ট ওড়িয়া সাহিত্যিক ছিলেন। সাহিত্য ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য ২০২১ সালে পদ্মশ্রী সম্মানে ভূষিত হয়েছেন। *অ্যাচিভার্স*

86. (a) ১-৮ মে স্পেনের মাদ্রিদে অনুষ্ঠিত মতুয়া মাদ্রিদ ওপেন টেনিস প্রতিযোগিতায় পুরুষদের সিঙ্গলসে স্পেনের কার্লোস আলকারেজ, জার্মানির আলেকজান্ডার জাভরেভকে ৬-৩, ৬-১ ফলাফলে পরাজিত করে চ্যাম্পিয়ন হলেন।

87. (b) তামিলনাড়ু রাজ্য সরকার প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত ছাত্রছাত্রীদের মিড ডে মিলের সঙ্গে সকালের খাবার বা ব্রেকফাস্ট প্রদান করার সিদ্ধন্ত নিয়েছে। ছাত্রছাত্রীদের পুষ্টির কথা বিচার-বিবেচনা করে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

88. (b) ১০ মে দক্ষিণ কোরিয়ার ১৩তম প্রেসিডেন্ট হিসাবে দায়িত্বভার গ্রহণ করলেন ইয়ুন সুক ইওল। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী মুন জা ইন-এর স্থলাভিষিক্ত হলেন।

89. (a) ভিয়েতনামের সোন লা প্রদেশে বিশ্বের দীর্ঘতম কাচের তৈরি ব্রীজ গড়ে উঠল। এর দৈর্ঘ্য হল ৬৩২ মিটার। পূর্বে চীন কাচের ব্রীজ তৈরি করেছিল, যার দৈর্ঘ্য ছিল ৫২৬ মিটার।

90. (b) গ্রাহককে ৩০ মিনিটের মধ্যে ডিজিটাল ভেরিফিকেশন করে লোন প্রদান করার জন্য এইচডিএফসি ব্যাঙ্ক Xpress Car Loans নামক এক ডিজিটাল লোন প্রোডাক্ট চালু করেছে।

91. (b) পণ্ডিত শিবকুমার শর্মা একজন প্রোথিতযশা সন্তুর যন্ত্রসংগীত শিল্পী ছিলেন। যন্ত্রসংগীতে অসামান্য অবদানের জন্য তিনি ১৯৯১ সালে পদ্মশ্রী, ২০০১ সালে পদ্মবিভূষণ সম্মানে ভূষিত হয়েছেন। *অ্যাচিভার্স*

92. (c) ভারতের বিশিষ্ট স্থপতিকার বালকৃষ্ণ বিঠলদাস দোশী রয়াল গোল্ড মেডেলে ভূষিত হলেন। স্থাপত্য ক্ষেত্রে দেওয়া এটি বিশ্বের সর্বশ্রেষ্ঠ সম্মান। ব্রিটিশ যুক্তরাজ্যের রয়াল ইনস্টিটিউট অফ ব্রিটিশ আর্কিটেক্টস কর্তৃক এই পুরস্কার প্রদান করা হয়। *অ্যাচিভার্স*

93. (d) হরিয়ানা সরকার কৃষকদের পশুখাদ্য কেনা গোশালা তৈরির জন্য এককালীন একর প্রতি ১০ হাজার টাকা আর্থিক সাহায্য দানের জন্য Chaara-Bijaee Yojana চালু করেছে।

94. (c) রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ গুয়াহাটি হাইকোর্টের কার্যকরী প্রধান বিচারপতি হিসাবে এন কে সিংকে নিযুক্ত করলেন, যিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী সুধাংশু ধুলিয়ার স্থলাভিষিক্ত হলেন।

95. (b) শ্রীলঙ্কার রাষ্ট্রপতি গোতাবায়া রাজাপাক্ষে শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী হিসাবে রনীল বিক্রমাসিংঘে-কে প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত করেছেন। তিনি এর পূর্বে ১৯৯৩-৯৪, ২০০১-০৪, ২০১৫-১৮, ২০১৮-১৯ পর্যন্ত শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেছেন। *অ্যাচিভার্স*

96. (d) ১১ মে প্রয়াত বিশিষ্ট ভারতীয় সংস্কৃত ও হিন্দি ভাষা সাহিত্যিক রামাকান্ত শুক্লা সাহিত্য ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য ২০১৩ সালে পদ্মশ্রী সম্মানে ভূষিত হয়েছিলেন।

97. (c) বাজাজ ফিনসার্ভ লিমিটেডের বর্তমান চেয়ারম্যান সঞ্জীব বাজাজ কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রির প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হয়েছেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী টি ভি নরেন্দ্রনের স্থলাভিষিক্ত হলেন।

98. (a) ১৪ মে সারা বিশ্বজুড়ে পালিত হওয়া ওয়ার্ল্ড মাইগ্রেটরি বার্ড ডে'র এবছরের থিম হল— 'Impact of Light Polution on Migratory Bird's'।

99. (b) ১৪ মে রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ ভারতীয় নির্বাচন কমিশনের ২৫তম মুখ্য নির্বাচন কমিশনার হিসাবে রাজীব কুমারকে নিযুক্ত করলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী সুশীল চন্দ্র'র স্থলাভিষিক্ত হলেন। *অ্যাচিভার্স*

100. (d) রাজস্থানের বুন্দি, ভিলওয়াড়া এবং কোটা জেলা জুড়ে বিস্তৃত রামগড় বিষধরি স্যাঙ্কচুয়ারিকে সম্প্রতি ভারতের ৫২তম টাইগার রিজার্ভের মর্যাদা প্রদান করা হয়েছে। এটি রাজস্থানের চতুর্থ টাইগার রিজার্ভ। এর আনুমানিক আয়তন ১৫০১.৮৯ বর্গকিলোমিটার।

★★★